দৈনিক ইনকিলাব ... ০৪০

তারিখ 12 DEC 1986
পৃষ্ঠা ... ৭ ...

# উপজেলা পরিক্রমা

## উল্লাপাড়া

উল্লাপাড়া (সিরাজগঞ্জ), ১১ ডিসেম্বর সংবাদদাতা)।— করতোয়া নদীর তীরে অবস্থিত বিখ্যাত চলনবিলের বিরাট অংশ হওয়ায় সব সময় উপেক্ষিত ও অবহেলিত। ১৬১.৬ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলার মোট জনসংখ্যা ৩ লাখ ১৩ হাজার ৩শ' ৫ জন। তার মধ্যে পুরুষ ১ লাখ ৬০ হাজার ৬শ' ৪৫ জন। এবং মহিলা ১ লাখ ৫২ হাজার ৬শ' ৬০ জন। এই উপজেলায় ১৩টি ইউনিয়ন, ২৬৩টি মৌজা, ৪২৮টি গ্রাম সমন্বয়ে গঠিত উল্লাপাড়া থানাকে ১৯৮৩ সালে উপজেলায় উন্নীত করা হয়।

**শিক্ষা**

এ উপজেলায় শিক্ষিতের হার শতকরা ২১ জন। এখানে ১টি সরকারী ও ১টি বেসরকারী কলেজ রয়েছে। সরকারী প্রাথমিক বিদ্যালয় ১শ' ৪৩টি। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ৫৯টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ২২টি, গার্লস স্কুল ৩টি, মাদ্রাসার সংখ্যা মোট ৫০টি। প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করে কলেজ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো দীর্ঘদিন আসবাবপত্র ইত্যাদির অভাব ও অন্যান্য মঞ্জুরি থেকে বঞ্চিত, নলকূপ না থাকায় বিভিন্ন বিদ্যালয়ে খাবার পানির সংকট তীব্র।

**কৃষি**

উল্লাপাড়া উপজেলায় শতকরা ৮৫ জন লোকই কৃষিজীবী। তবে তাঁতী, কুমার, কামার, ব্যবসায়ী ও অন্যান্য পেশাজীবী লোকও রয়েছে।

এই উপজেলায় কৃষি পণ্যের মধ্যে রয়েছে ধান, পাট, ইরি, গম, সরিষা, মসুর, তিল, আলু। মোট আবাদী জমির পরিমাণ ৮৫ হাজার ৬শ' ৩৬ একর। মোট অনাবাদী জমির পরিমাণ ১৬ হাজার ৫শ' ২৪ একর। মোট আবাদযোগ্য অনাবাদী জমির পরিমাণ ২শ' ৪০ একর। মোট ১৮ হাজার ৯শ' ৭০ একর জমির ২শ' ৭১টি গভীর নলকূপ এবং ১শ' ৮০টি পাওয়ার পাম্প আছে। তবে কৃষি কাজের অগ্রগতি তেমন লক্ষ্য করা যাচ্ছে না। যেমন, উন্নতমানের বীজ, সার, জ্বালানি, ঋণ ও কৃষি দপ্তরের কর্মচারীদের অবহেলা ইত্যাদি কারণে চাষাবাদ ব্যাহত হচ্ছে।

**চিকিৎসা**

উপজেলার একমাত্র স্বাস্থ্য কমপ্লেক্সটি বিভিন্ন সমস্যায় জর্জরিত। এটি উপজেলা সদর থেকে ৩ মাইল দূরবর্তী বিধায় রোগী নিয়ে যাতায়াত অসম্ভব। ১১ হাজার ৬শ' ৪ জন লোকের জন্য মাত্র একজন ডাক্তার। এ ছাড়া ৩টি সরকারী দাতব্য চিকিৎসালয় আছে। শিশু কল্যাণ ও মাতৃসদন ১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ৯টি, পরিবার পরিকল্পনা কার্যক্রম ৮৪টি। জন্মের হার প্রতি হাজারে ৪২ জন। উপজেলাবাসীরা চিকিৎসার প্রয়োজনীয় ওষুধপত্র ও চিকিৎসা সরঞ্জামের অভাব অনুভব করছে।

**যোগাযোগ**

জেলা সদর সিরাজগঞ্জের সাথে এই উপজেলার প্রধান যাতায়াত ব্যবস্থা হলো রেলপথে ১৪ মাইল এবং সড়ক পথে ৩৯ মাইল। সিরাজগঞ্জ ঈশ্বরদী-ব্রডগেজ রেল লাইনের ৬টি রেল স্টেশন এই উপজেলায় পড়েছে। এর মধ্যে লাহিড়ী মোহনপুর রেলস্টেশনটিতে প্রতিদিন বহু যাত্রী উঠানামা করে। এই রেল স্টেশনে যাত্রী ছাউনী প্রয়োজন। কাঁচা রাস্তা ৫শ' ৪৭ কিলোমিটার। ইট বিছানো ও পাকা রাস্তা ৭৪ কিলোমিটার।

**হাটবাজার**

উল্লাপাড়া উপজেলার হাটের সংখ্যা ১৯টি ও বাজার ৭টি। হাটবাজারগুলোতে প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে বর্তমানে জরাজীর্ণ অবস্থায় আছে। হাটবাজারগুলোর মধ্যে চলাচলের রাস্তা কাঁচা থাকায় ক্রেতা-বিক্রেতাদের দারুণ দুর্ভোগ পোহাতে হয়। ক্রেতা-বিক্রেতাদের পায়খানা-প্রস্রাবের কোন ব্যবস্থা নেই।